দৈনিক বাংলা

তারিখ ... ২৬/১০/৯১
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

141

# ভার্সিটি এলাকায় ছিনতাই বেড়েছে

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় ছিনতাই-এর ঘটনা বেড়েই চলেছে। মাত্র ১২ দিনের ব্যবধানে বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক দু'বার ছিনতাইকারীদের কবলে পড়েছেন।

বাংলা বিভাগের প্রফেসর ডঃ

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি এলাকায়

(প্রথম পৃঃ পর)

সাঈদ-উর-রহমান গতকাল ভোরে শহীদুল্লাহ হলের পাশে যক্ষ্মা হাসপাতালের সামনে ছিনতাইকারীদের কবলে পড়েন। এসময় তিনি নিমতলী পুরাতন যাদুঘরস্থ বাসভবন থেকে সস্ত্রীক রিকশায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে যাচ্ছিলেন। যক্ষ্মা হাসপাতালের সামনে দু'টি ছেলে ড্যাগার উচিয়ে তাদের রিকশার গতি রোধ করে এবং তাঁর স্ত্রীর হাতব্যাগ ও ঘড়ি ছিনিয়ে নেয়। ডঃ সাঈদুর রহমান এ ব্যাপারে রমনা থানায় ডায়েরী করিয়েছেন।

উল্লেখ্য, এর আগে গত ৩রা অক্টোবর কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে তিনি ছিনতাইকারীদের কবলে পড়েন। সেবার বাধা দিতে গিয়ে তিনি ছিনতাইকারীদের ছুরিকাঘাতে আহত হন।